

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সাতার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সাতার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.০০০.৬২৬.০২.০০০৪.২৫ নথির বিষয়ঃ Purchas of dresser coupling rubber gasket for leakage repair work কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

নোটঃ ১ নোটের বিষয়ঃ Purchas of dresser coupling rubber gasket for leakage repair work কাজের অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৪/৪/২৫ ১২:৪০ পূর্বাহ্ন

সাতার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (১টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাভা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে অপরিশোধিত পানি সংগ্রহ করে পরিশোধন করা হয়। পরিশোধন শেষে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মিঃমিঃ ব্যাসের পাইপ দিয়ে ভাকুর্তা, মোগড়াকান্দা, আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (মডস জোন-৪, মডস জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

সাতার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টের আওতাধীন ৪৫ টি গভীর নলকূপ হতে ২০০ মিঃমিঃ ব্যাসের ডেলিভারী লাইনের মাধ্যমে উত্তোলিত পানি বিভিন্ন ব্যাসের ট্রান্সমিশন লাইনের মাধ্যমে OGR হয়ে দৈনিক প্রায় ১৫ কোটি লিটার সুপেয় পানি ঢাকা শহরের বৃহত্তর মীরপুর এলাকায় সরবরাহ করা হচ্ছে। বিভিন্ন ব্যাসের ট্রান্সমিশন লাইন ও ২০০ মিঃমিঃ ব্যাসের ডেলিভারী পাইপ লাইনে বৈদ্যুতিক সাটডাউনে ব্যাকপ্রেশার এবং আয়রন ও মাইল্ড স্টীলের সংস্পর্শে ক্ষয় হয়ে লিকেজসহ বিভিন্ন ধরনের সমস্যা হয়। সেক্ষেত্রে, পানির উৎপাদন ও গুনগত মান স্বাভাবিক রাখার লক্ষ্যে জরুরী ভিত্তিতে সমস্যা সমাধানের প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্তমানে লিকেজসমূহ মেরামতের জন্য ডেসার মজুদ থাকলেও রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট নেই (সংশ্লিষ্ট-১ এ গ্যাসকেটের ছবি)। তৎপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে বিভিন্ন ব্যাসের রাবারের ডেসার কাপলিং গ্যাসকেট ক্রয় করা প্রয়োজন।

সংশ্লিষ্টসমূহ (১):

১। ছবি।pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৪/৪/২৫ ১২:৪০ পূর্বাহ্ন

সেলেক্টে, বর্নিত কাজের জন্য পূর্বানুমোদিত (পূর্বানুমোদিত দরের কপি সংশ্লিষ্ট-২ এ) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ ৳.২৪,৪০০.০০ (টাকা চব্বিশ হাজার চারশত) মাত্র (সংশ্লিষ্ট-৩)। কাজটির ব্যয় অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-২৭ এর “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহ করা হবে (সংশ্লিষ্ট-৪)। যাহা অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় ক্রমিক নং-১৭৪ হিসাবে অন্তর্ভুক্ত (ক্রমিক নং-৫)। কাজটির বিল, পিপিআর/২০০৮ এর বিধি ৮১ (১) অনুসরণ এবং ভাউচারের মাধ্যমে পরবর্তিতে সমন্বয় করা হবে।

সংশ্লিষ্টসমূহ (৪):

১। পূর্বানুমোদিত দরসহ অনুমোদনের কপি।pdf

২। Estimate.pdf

৩। Budget for FY 2023-2024 Rev, & FY 2024-2025 (1).pdf

৪। Approved APP 2024-25.pdf

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৪/৪/২৫ ১২:৪৫ পূর্বাহ্ন



এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ ও ১.১ এর বর্ণনার আলোকে Purchas of dresser coupling rubber gasket for leakage repair work কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) বর্ণিত কাজের জন্য সর্বমোট ৳.২৪,৪০০.০০ (টাকা চব্বিশ হাজার চারশত) টাকার প্রাক্কলন অনুমোদন।

খ) পিপিআর/২০০৮ এর বিধি ৮১(১) মোতাবেক কাজটি অস্থায়ী অগ্রীম হিসাবে বাস্তবায়নের সদয় অনুমোদন এবং

গ) কাজটির ব্যয় অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বাজেট বরাদ্দের ক্রমিক নং-২৭ “পানি ও পয়ঃশোধনাগার (ও এন্ড এম)” খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৪/৪/২৫ ১২:৪৬ পূর্বাহ্ন মোঃ রেজাউল করিম উপ-সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	১৪/৪/২৫ ১:২৫ পূর্বাহ্ন মোঃ জাফর ইকবাল চৌধুরী সহকারী প্রকৌশলী সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	১৪/৪/২৫ ১:৫২ পূর্বাহ্ন মোঃ নাকিজ ইমতিয়াজ নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সাভার কেরানীগঞ্জ ওয়েলফিন্ড প্ল্যান্ট	২০/৪/২৫ ১২:৪৫ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার নির্কোল ২০/৪/২৫ ১২:৪৫ অপরাহ্ন মোঃ আব্দুস সালাম ব্যাপারী, ব্যাপারী প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলীর দপ্তর